একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪২.০০৩.২৫-১২৫৫

তারিখ: ১৯ কার্তিক ১৪৩৩ বাং
০৪ নভেম্বর ২০২৬ খ্রি.

## আলিম পরীক্ষা ২০২৬ (সাপ্লিমেন্টারি)-এর ফর্ম পূরণের বিজ্ঞপ্তি

২০২৬ সালের আলিম পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে সর্বোচ্চ ০২ (দুই) বিষয়ে অকৃতকার্য (চতুর্থ বিষয় ব্যতীত) হয়েছে তাদের সাপ্লিমেন্টারি পরীক্ষা আগামী ০১/১২/২০২৬ খ্রি. থেকে শুরু হবে। এ লক্ষ্যে ২০২৬ সালের আলিম (সাপ্লিমেন্টারি) পরীক্ষার আবেদন ফর্ম পূরণের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।

২। পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ বোর্ডে প্রদেয় মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোনো শাখা থেকে মাদ্রাসা শিক্ষা বোর্ডের রেজিস্ট্রারের অনুকূলে প্রেরিত সোনালী সেবার রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৩. Online-এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন ও ফর্ম পূরণ: শিক্ষার্থীদের তথ্যসংবলিত সম্ভাব্য তালিকা মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.ebmeb.gov.bd)-এ প্রকাশ করা হয়েছে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ০৫/১১/২০২৬ খ্রি. থেকে ০৯/১১/২০২৬ খ্রি.- এর মধ্যে Online-এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফর্ম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে। সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেওয়ার সর্বশেষ তারিখ ১০/১১/২০২৬। পরীক্ষার ফি ব্যাংকে জমা দেওয়ার ২৪ ঘণ্টার মধ্যে Final Candidate List Print Active হবে। Final Candidate List Print করে যাচাইপূর্বক পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠানপ্রধান স্বাক্ষর করবেন।

৪. পরীক্ষার্থীর স্বাক্ষরসংবলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৫. ইলেক্ট্রনিক ফর্ম ফিলাপ (eFF) এর কার্যক্রমের বিবরণ ও সময়সূচি নিম্নোক্ত ছকে দেওয়া হলো:

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক | প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে online-এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন "সোনালী সেবার" মাধ্যমে ফিসের অর্থ জমা দেওয়ার তারিখ:<br>উল্লেখ্য, (ক) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোনো পরীক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। এরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠানপ্রধানকে বহন করতে হবে।<br>(খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠানপ্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করতে হবে। | ০৫/১১/২০২৬ হতে ০৯/১১/২০২৬ |
| খ | "সোনালী সেবার" মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ: | ১০/১১/২০২৬ |

৬. সোনালী ব্যাংকের সোনালী সেবার কপি ও পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ চূড়ান্ত প্রিন্ট আউট শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৭. **পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত:**
নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৬ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি এবং অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৫ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সাপ্লিমেন্টারি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৮. **পরীক্ষার ফি:**
**ক. তত্ত্বীয়: প্রতি পত্র/বিষয় (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী): ১২৫/- (একশত পঁচিশ টাকা)**

**খ. ব্যবহারিক: প্রতি পত্র/বিষয় (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী): ২৫/- (পঁচিশ টাকা)**

৯. **কেন্দ্র ফি সংক্রান্ত (আলিম পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে):**
(ক) আলিম পরীক্ষার কেন্দ্র ফি জন প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা।

(খ) তত্ত্বীয় বিষয়সমূহের আদায়কৃত কেন্দ্র ফি হতে প্রত্যেক মাদ্রাসা ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। বোর্ড অফিস হতে অব্যবহৃত উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোড

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd

১০. **পরীক্ষার ফি এবং কাগজপত্র বোর্ডে জমা দেওয়ার নিয়মাবলি সংক্রান্ত :**

(ক) পরীক্ষার যাবতীয় ফি বোর্ডের রেজিস্ট্রারের অনুকূলে কেবল সোনালী ব্যাংকের যে কোনো শাখা হতে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। কোনোক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারি চালান ইত্যাদিতে বোর্ডের ফি গ্রহণ করা হবে না।

(খ) এই বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনোক্রমেই পরীক্ষার ফি ও অন্যান্য কাগজপত্র গ্রহণ করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

**প্রফেসর মোঃ ফারুক আহমেদ**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ফোন : ৫৮৬১০২০২
ই-মেইল: controller@bmeb.gov.bd

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

১. মহাপরিচালক, মাদ্রাসা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
২. রেজিস্ট্রার, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৩. জেলা প্রশাসক, সকল জেলা;
৪. অধ্যক্ষ, মাদাসা শিক্ষা বোর্ডের আওতাধীন আলিম পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান;
৫. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাদ্রাসা ও কারিগরি বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা;
৮. সিনিয়র পরামর্শক, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা;
১০. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা;
১১. সকল কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১২. পি ও টু চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
১৩. অফিস কপি।

**মোঃ আবুল খায়ের সরকার**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-২২৩৩৬৫২৪৮
E-mail: dcexam@bmeb.gov.bd